

পরিপত্র

নং ৩১.০২.০০০০.০১৪.০১.০০১.০১.৪১

তারিখ : ২৫ পৌষ ১৪২৪
০৮ জানুয়ারি ২০১৮

বিষয় : ই-নামজারি বাস্তবায়ন।

- সূত্র: (ক). মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নং প্রজ্ঞাপন।
(খ). প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.২০১৬-২২০৯ নম্বর স্মারক পত্র।
(গ). মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নং স্মারক পত্র।
(ঘ). প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬ নভেম্বর ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-৩৪৮৬ নম্বর স্মারক পত্র।
(ঙ). মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৫.১৭.৩০৪ নং স্মারক পত্র।
(চ). ভূমি মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯ নং স্মারক পত্র।

সরকারের ভিশন ২০২১ অর্জন তথা “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণে ভূমি সংশ্লিষ্ট সকল সেবা জনগণের দোর-গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ নিরন্তর কাজ করছে। ভূমি সেবা সহজীকরণে মাঠ পর্যায়ের উদ্যোগগুলোর একটি সমন্বিত রূপ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত ভূমি তথ্য ও সেবা কাঠামো Land Information and Service Framework-LISF সংক্রান্ত কমিটি ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পসমূহ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রাম ও আইসিটি বিভাগকে সম্পৃক্ত করে LISF এর উপযোগী ই-নামজারি পদ্ধতি চালু করার জন্য ভূমি সংস্কার বোর্ডকে অনুরোধ করে। তদানুসারে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ১০ টি মডিউল সমৃদ্ধ Land Information Management System-LIMS নামক একটি সফটওয়্যার তৈরি করা হয় এর ই-নামজারি মডিউলটি ১৩টি উপজেলায় পাইলটিং করা হয়। পরবর্তীতে a2i প্রোগ্রাম ই-নামজারি মডিউলটি কারিগরীভাবে আরো সমৃদ্ধ করে ৭টি উপজেলায় পাইলটিং করে। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কম সময় কম খরচ এবং হয়রানিমুক্তভাবে একটি মাত্র সেবা ক্ষেত্রের (land.gov.bd) মাধ্যমে ভূমি সেবা গ্রহণ সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে (সূত্র- ক)-যেখানে সকল ভূমি সেবা পর্যায়ক্রমে সন্নিবেশিত হবে।

২। ই-নামজারি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড এবং a2i এর সহযোগিতায় প্রশিক্ষক প্রশিক্ষণ এবং ব্যবহারকারীদের প্রশিক্ষণের মাধ্যমে ই-নামজারি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবল কাঠামো গড়ে তোলার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত সময়ের মধ্যে ১১২টি উপজেলায় ই-নামজারি কার্যক্রম সফলভাবে শুরু করা হয়েছে এবং অনতিবিলম্বে আরও ১৪৮ উপজেলায় ই-নামজারি শুরু করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এতদুপলক্ষে বিভিন্ন উপজেলায় জনপ্রতিনিধি, ব্যবহারকারী, নাগরিক ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের নিয়ে অবহিতকরণ সভার আয়োজন করে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা হয়েছে।

৩। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আগামী জুন, ২০১৮ তারিখের মধ্যে সারা দেশে ই-নামজারি বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়েছে (সূত্র- ‘খ’ ও ‘গ’)। তাছাড়া ভূমি রেজিস্ট্রেশন-এর সাথে নামজারি কার্যক্রম ওতপ্রোতভাবে জড়িত বিধায় ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে LISF এর সাথে সম্পৃক্ত করার নির্দেশনা দেয়া হয়েছে (সূত্র- ‘ঘ’ ও ‘ঙ’)। এরই ধারাবাহিকতায় ভূমি মন্ত্রণালয় সূত্রোক্ত ‘চ’ নং স্মারকে ভূমি সংস্কার বোর্ড, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে ই-নামজারি বাস্তবায়ন নিবিড়ভাবে তদারক ও পরিবীক্ষণ করাসহ মাসিক রাজস্ব সভায় বিষয়টি আলোচ্যসূচিভুক্ত করে অগ্রগতি পর্যবেক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।


৪। সারাদেশে ভূমি সেবাকে সহজীকরণ ও হয়রানি মুক্ত করার লক্ষ্যে পুরো ভূমি ব্যবস্থাপনাকে ডিজিটলাইজড করার কোন বিকল্প নেই। এ বিষয়ে সরকার দৃঢ় সংকল্পবদ্ধ। তদপরিপ্রেক্ষিতে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে জুন, ২০১৮ মাসের মধ্যে সারা দেশে ই-নামজারি বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ১। বিভাগীয় কমিশনার
.....(সকল)
২। জেলা প্রশাসক
.....(সকল)
৩। সহকারী কমিশনার (ভূমি)
.....(সকল)

অনুলিপি :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৫। উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

G:Reza/Section_1_2018


(মোঃ মাহফুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৫৬৬৭৩৭
ই-মেইল- chairman@lrb.gov.bd